750 Rs.

INDIA NON JUDICIAL

৭৫০ রু. Rs 750

सात सौ पचास

Admissible under Regn. Rule 21 and also u/s 5(i) of the West Bengal ... Stamp Duty ... Stamp Act, 1899 ... in 1964, Schedule IA ... 23 ...
Process Fee ... Paid in C. F. R.

... 24-Parganas

মং ২০,০০০্ কুড়ি হাজার টাকা মূল্যের সাফ বিক্রয় কোবালা ।

| কোবালা গ্রহিতা | কোবালা দাতা |
| --- | --- |
| শ্রী বিমলেন্দু মুখার্জি | শ্রী ভবেন নস্কর |
| পিতা স্বর্গীয় পৃথ্বীরাজ মুখার্জি | পিতা স্বর্গীয় শ্রীনাথ নস্কর |
| জাতি হিন্দু, পেশা চাকুরী | জাতি হিন্দু, পেশা শিক্ষকতা |
| ঠিকানা - | সাং তেঁতুলবেড়িয়া, থানা |
| কেয়ার / অফ নিলাদ্রী শেখর | সোনারপুর, জেলা ২৪ পরগণা । |
| ভট্টাচার্য্য, ২৯, সুভাষ নগর | |
| বাইলেন, দমদম ক্যান্টনমেণ্ট | |
| পোঃ রবিন্দ্র নগর, কলিকাতা ৭০০০৬৫ | |
| থানা দমদম ক্যান্টনমেণ্ট, | |
| জেলা ২৪ পরগণা । | |

9686(9)

Birendra Kumar Mukherjee
29, Subhas Nagar Bye Lane
Dum Dum Cantonment
29/11/85

Rs - 7520/- Presented for Registration at 12 A.M./P.M. on the 28th
200/- day of Nov. 1985
110x3 = 330/- in the Sadar Registration Office
75x3 = 225/- Barasat, 24 Parganas by Babesh Ch. Sarkar
(9) 14,761 the Executant / Claimant ... Attorney ... Execution ... under ... Form of survey No. ... identified by ...

Bhaben Sarkar
Son / Wife / Daughter of Lt. Sirnath Sarkar
of Santoshbenia
Thana Sonarpur
District 24 Parganas
by Caste / Hindu / Muslim
by profession Teacher

Registrar U/S 7 (II)
Barasat, 24-Parganas
29/11/85

15866

Kamal Kanti Dey
Son / Wife / Daughter of Paresh Ch. Dey
of Dhalua
Thana Sonarpur
District 24 Parganas
by Caste / Hindu / Muslim
by profession Service

Registrar U/S 7 (II)
Barasat, 24-Parganas
29/11/85

INDIA NON JUDICIAL

২০০ रु. Rs 200

भारत

दो सौ रुपये TWO HUNDRED RUPEES



কস্য হাল রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের ৴৪ – ২২" চারি কাঠা বাইশ স্কোয়ার ফুট শালি জমি সহ আকর আওলাতাদি সহ তৎসংক্রান্ত ও তৎসংশ্লিষ্ট যাবতীয় স্বত্বাদি সহ কমন প্যাসেজাদির ও লিঙ্ক প্যাসেজাদির যাবতীয় ইজমেন্ট ও ব্যবহারিক স্বত্বাদি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয়ের নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল পত্রমিদং কার্য্যাঞ্চাগে ঃ –

জেলা ২৪ পরগণা, থানা ও সাব রেজিষ্ট্রী অফিস সোনারপুর, পরগণা মেদনমল্ল, রেঃ সাঃ নং ৮, জেঃ এলঃ নং ৪৪, মৌজা তেঁতুলবেড়িয়া গ্রামে অত্র জেলা কালেক্টারির ২৭১ নং তৌজি ভুক্ত বর্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার অধিন ৬০ ও ১৩৮ নং খতিয়ানের অন্তর্গত ৫২ নং দাগ ভুক্ত .৮০ শতক জমির মধ্যে .২৪ শতক শালি জমি এবং ঐ মৌজার ১০১ নং খতিয়ান ভুক্ত ২৬ শতক শালি জমি এবং ঐ মৌজার ১০১ নং খতিয়ান ভুক্ত

[illegible]

Bimalendu Mukherjee
291 Subhas Nagar Bye Lane
Dum Dum Cantonment
2101-
21/11/55

Registrar [illegible]

29/11/55

100 Rs.

INDIA NON JUDICIAL

१०० रु.

Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES



জমি সহ ৯৬ নং খতিয়ান ভুক্ত জমির দরুন মোট বার্ষিক ৪.২৮ পয়সা খাজনায় রায়তি স্বত্বের জমি জমা মধ্যে ১০১ নং খতিয়ান ভুক্ত ১ নং দাগের .৬৬ শতক জমি মধ্যে .২২ শতক শালি জমি ৺ গোপী কৃষ্ণ চক্রবর্ত্তী ও তদীয় ভ্রাতা অধুনা মৃত পাঁচু গোপাল চক্রবর্ত্তী মহাশয়ের স্বত্ব দখলীয় সম্পত্তি থাকে এবং উক্ত ৫২ নং দাগের .২৬ শতক জমি ও ১ নং দাগের ২২ শতক জমি পৃথক চিহ্নিত ভাবে নিজ স্বত্ব দখল পরিচালনে সার্ব্বভৌম অধিকারে খাসে ভোগ দখল করিতে থাকেন। অতঃপর পাঁচু গোপাল চক্রবর্ত্তী উক্ত জমির মধ্যে তাঁহার অংশে প্রাপ্ত জমির অধিকাংশ জনৈক যতীন্দ্র নাথ নস্করকে বার্ষিক খাজনা ধার্য্যে চিরস্থায়ী কোর্ফা স্বত্বের প্রজা স্বরূপ বন্দোবস্ত প্রদান করেন এবং যতীন্দ্র নাথ নস্কর উক্ত পাঁচু গোপাল চক্রবর্ত্তীর নিকট হইতে বন্দোবস্তীয় জমি চাষাবাদ দ্বারা ভোগ

Bimalendu Mukherjee
29, Subhas Nagar Bye Lane
Dum Dum Cantonment
1101/-
29/11/85

29/11/85

100Rs.






দখল করিতে থাকেন । অতঃপর যতীন্দ্র নাথ নস্কর পরলোকে গমন করায় তৎত্যাক্ত সম্পত্তি তাহার ওয়ারেশ উত্তরাধিকারী তদীয় পুত্র শৈলেন্দু নাথ নস্কর দিং প্রাপ্ত হন । তৎপর রিভিশনাল সেটেলমেণ্ট জরিপ কার্য্য আরম্ভ হয় এবং উক্ত শ্রী গোপীনাথ চক্রবর্ত্তী মহাশয়ের অনুপস্থিতিতে উক্ত ৫২ নং দাগের ২৬ শতক ১নং দাগ ভুক্ত ২২ শতক জমি ষোল আনা উক্ত শৈলেন্দু নাথ নস্কর দিং এর নামে রেকর্ড করাইবার এক বার্থ চেষ্টা করেন । তদনন্তর উক্ত সমুদয় জমি দাবী করিয়া উক্ত শ্রী গোপীকৃষ্ণ চক্রবর্ত্তী ও স্বর্গীয় পাঁচু গোপাল চক্রবর্ত্তীর ওয়ারেশগনের বিরুদ্ধে উক্ত শৈলেন্দু নাথ নস্কর দিং মোকাম আলিপুর প্রথম মুনসেফী আদালতে ১৯৫৬ সালে ৩৫০ নং দেওয়ানী মোকর্দ্দমা দায়ের করেন । উক্ত আদালত কর্ত্তৃক উক্ত মোকর্দ্দমা যথারীতি শুনানী হইয়া বিগত ইংরাজী ২৯।৯।১৯৬১ তারিখে চূড়ান্ত ডিক্রি হয় । উক্ত ডিক্রি অনুসারে উক্ত জমির

Bimalendu Mukherjee
27 Subhas Nagar Bye Lane
Dum Dum Cantonment
110/-
21/11/85

29/11/85






অর্দ্ধাংশ ঐ শৈলেন্দ্র নাথ নস্কর দিং এবং অপর অর্দ্ধাংশ ঐ গোপীকৃষ্ণ চক্রবর্ত্তীর নির্ব্যূঢ় স্বত্ব থাকা সাব্যস্ত হয়। অতঃপর উক্ত আদালতের রায়ের বিরুদ্ধে শৈলেন্দ্র-নাথ নস্কর দিং ও স্বর্গীয় পাঁচু গোপাল চক্রবর্ত্তীর ওয়ারেশ উত্তরাধিকারীগণ আলিপুর ডিস্ট্রিক্ট জজ আদালতে ১৯৬১ সালের ১৭০৭ নং দেওয়ানী আপীল ও ১৯৬১ সালের ১৭০৯ নং দেওয়ানী আপীল দায়ের করেন উক্ত আপীল মোকর্দ্দমা দুইটি আলিপুরের অতিরিক্ত জেলা জজ মিঃ বি, পাল মহাশয়ের এজলাসে শুনানী হয় এবং তৎপর বিগত ইংরাজী ১৫।১০।৬৩ তারিখে উক্ত আপীল মোকর্দ্দমা দুইটি উক্ত আদালত কর্ত্তৃক ডিসমিস হয় এবং মুনসেফী আদালতের রায় বহাল থাকে। এমত প্রকারে উক্ত ঐ গোপীকৃষ্ণ চক্রবর্ত্তী উক্ত ৫২ নং দাগের ২৬ শতক জমির বকম আট আনা অংশে ১৩ শতক জমি ও ১ নং দাগের ২২ শতক জমির আট আনা অংশে ১১ শতক জমি একক নির্ব্যূঢ়

Bimalendu Mukherjee
C/o Sukhas Nagar, Ayekar
Dum Dum Cantonment
110/-
2/11/85

[illegible]

29/11/85

75 Rs.






স্বত্বে প্রাপ্ত হয়েন এবং উক্ত জমি একক অন্যের বিনা স্বত্ব সংস্রবে ভোগদখল করিতে থাকেন। অতঃপর বিগত ইংরাজী ২৩।৯।৮০ তারিখে মোকাম বাগনান সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রী কৃত ১ নং বহির ৪৪ নং ভলুমের ১০৪ পৃষ্ঠাতে ১০৬নং পাতায় লিপিবদ্ধ সন ১৯৮০ সালের ৩৬৬৯ নং দানপত্র দলিল দ্বারা উক্ত জমি জমা শ্রী গোপীকৃষ্ণ চক্রবর্ত্তী মহাশয় তাঁহার পুত্র শ্রী শচীন্দ্র নাথ চক্রবর্ত্তী মহাশয়কে দান করতঃ দানীয় জমি হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন। অতঃপর উক্ত শ্রী শচীন্দ্র নাথ চক্রবর্ত্তী তাঁহার পিতার উক্ত দান পত্র মূলে প্রাপ্ত উক্ত ৫২ নং দাগের .১৩ শতক এবং ১ নং দাগের .১১ শতক ভূসম্পত্তি গত ইংরাজী ১৮।১০।৮৫ তারিখে আলিপুর ডি, আর, অফিসে রেজেষ্ট্রী কৃত ১৪৭৫৭ নং সাফ কোবালা দলিল মূলে শ্রী নৃসিংহ চক্রবর্ত্তী মহাশয় উক্ত শ্রী শচীন্দ্র নাথ চক্রবর্ত্তী মহাশয়ের নিকট হইতে খরিদ করিয়া নির্বূঢ় স্বত্বের মালিক দখলিকার হয়েন। অতঃপর উক্ত ৫২ নং দাগের .১৩ শতক শালি জমি আমি অত্র কোবালার দাতা অদ্য তারিখে আলিপুর ডি, আর, অফিসে রেজেষ্ট্রী কৃত

Bimalendu Mukherjee
R9, Subhas Nagar Bye Lane
75/—  Dum Dum Cantonment
29/11/85

29/11/1985

75 RS.

पचहत्तर रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

७५रू. 75 RS.

SEVENTY FIVE RUPEES



১৫৮২১নং সাফ কোবালা দলিল মূলে উক্ত জমির মালিক দখলিকার নৃসিংহ চক্রবর্তী মহাশয়ের নিকট হইতে খরিদ করিয়া আনন্দে ভোগদখল ও মালিক দখলিকার হইতেছি ও আছি।

এক্ষণে নানাবিধ দৈব কারণে আমার নগদ অর্থের প্রয়োজনে আমার উপরোক্ত খরিদা ১৩ শতক জমি মধ্যে /৪ - ২২" চারি কাঠা বাইশ স্কোয়ার ফুট খালি জমি যাহা নিম্ন তপশিলে বিশেষ ভাবে বর্ণিত হইল তাহা বিক্রয় করার ঘোষণা করিলে আপনি অত্র কোবালা গ্রহিতা তাহা বর্তমান বাজারপ্রচলিত সর্বোচ্চ পণ বেলমোক্তা ২০০০০ কুড়ি হাজার টাকায় খরিদ করিতে রাজী হইয়া আমার নিকট প্রকাশ ও প্রস্তাব করিলে আমি আপনার প্রস্তাবে সম্মত হইয়া অদ্য তারিখে আপনার নিকট হইতে উক্ত ধার্য্য পণের সমুদয় ২০০০০ কুড়ি হাজার টাকা নগদ গ্রহণ করিয়া এবং এতদ্বারা তাহার প্রাপ্তি স্বীকারে উপরোক্ত ও নিম্নের তপশিলে বিশেষ রূপে বর্ণিত সম্পত্তি অদ্যকার তারিখে অত্র কোবালা মূলে আপনাকে সাফ বিক্রয় করিয়া দিয়া তাহা হইতে আমি মায়

Bimalendu Mukherjee
29 Subhas Nagar · Bye Lane
Dum Dum Cantonment
707
21/11/85

29/11/85

75 Rs.






আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে এককালিন চিরতরে নিঃস্বত্ব ও দখলহীন হইলাম। আপনি অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক দখলিকার হইয়া কালেকটারিতে ও যে কোন প্রয়োজনীয় স্থানে অত্র কোবালা দলিলের বলে আপনার নিজ নাম জারি বা পত্তন করাইয়া লইয়া যথারীতি খাজনা ও ট্যাকসাদি আদায় দিয়া দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব্ব প্রকার হস্তান্তরের ও হস্তান্তরাদি অবাধ ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে যাদিচ্ছা পরম সুখে ভোগদখল করিতে থাকুন। তাহাতে আমি বা আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে কেহ কস্মিনকালে কোনও প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না ও পারিবেক না, করিলেও তাহা সর্ব্বত্র সর্ব্বদা বাতিল অগ্রাহ্য ও নামঞ্জুর হইবে।

অত্র বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে অপর কাহাকেও দান, বিক্রয়, বন্ধক, বায়না, প্রজাবিলি, চার্জ্জ, সিকিউরিটি ইত্যাদির দ্বারা বা অন্য কোনও প্রকারের হস্তান্তর বা দায়বদ্ধ করি নাই বা উহাতে অপর কোনও শরিক, অংশীদার বা দাবীদার নাই বা উহা কোনও আদালত কর্ত্তৃক নিলাম বিক্রয় হয়

Bimalendu Mukherjee
87 Subhas Nagar Bye Lane
75/-
29/11/85

29/11/85






নাই বা ক্রোক আবদ্ধ নহে বা উক্ত সম্পত্তি জামানতেও কোন পাওনার দায়ে আটক বা আবদ্ধ নাই বা উক্ত আমি ইতিপূর্বে কোনও দেবসেবায় বা জনহিতের কাজে অর্পণ করি নাই বা এক্যুইজিশান হয় নাই বা সি, এম, ডি, এ, কর্তৃক গৃহীত হয় নাই। সম্পূর্ণ নির্দায় নির্দোষ স্বত্ব যুক্ত ও খাস অবস্থায় অত্র কবালা মূলে আপনাকে সাফ বিক্রয় করিয়া দিয়া বিক্রীত সম্পত্তিতে আপনাকে দখল দিলাম।

ভবিষ্যতে অত্র দলিলের কোনরূপ ভুল ত্রুটি যাহা প্রকাশ পাইলে আপনার যাবতীয় স্বত্ব সম্পূর্ণ ও দৃঢ়তর করার জন্য অত্র কোবালার পোষকে চুক্তি সত্ত্বে যে কোন দলিল করার প্রয়োজন হইবে তাহা আমি বিনা পণে নিজ খরচে আপনার বরাবরে সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম।

ভবিষ্যতে উপরোক্ত উক্তি বা তাহার কোনও অংশ মিথ্যা বা অলীক বলিয়া প্রকাশ পাইলে মাফিক আইন আমলে আসিব। অধিকন্তু আমার প্রকাশিত স্বত্ব দখলের হীনতা বা ন্যূনতা প্রযুক্ত আপনার খরিদা স্বত্বের বা দখলের হানি

Bimalendu Mukherjee
2/7 Subhas Nagar, Bayrani, Dum Dum Cantonment

29/11/85

যা কিছু ঘটিবে পণের সমুদয় টাকা ব্যয় বহন ও ক্ষতি পূরণ সহ আপনাকে ফেরৎ দিতে আমি বাধ্য থাকিব অঙ্গীকারে ও সুস্থমতি বিক্রেতাগণকে স্বেচ্ছায় বহাল থাকিলাম।

এতদর্থে মূল্য পত্রাদি নকল সহ অত্র বিক্রয়কৃত সম্পত্তি অত্র দলিলের তফসিলের মধ্যে বর্ণিত অবগত হইয়া ও জানিয়া বুঝিয়া আমি অত্র দলিলের সাক্ষীর সাক্ষাতে আমি স্বেচ্ছায় সুস্থমনে বিক্রেতাগণকে পণ দিয়া অত্র কোবালার পণের সমুদয় টাকা নগদ বুঝিয়া পাইয়া আপনার নামে বরাবরে সাফ বিক্রয় কোবালা সম্পাদন করিয়া দিলাম। ইতি তারিখ ইংরাজী সন ১৯৮৫ সালের ২৯ শে অক্টোবর, মোতাবেক বাংলা সন ১৩৯২ সালের ১৩ ই কার্ত্তিক।

## তফসীল বিক্রীত সম্পত্তির পরিচয়

জেলা ২৪ পরগণা, থানা ও সাব রেজেষ্ট্রী অফিস সোনারপুর, পরগণা মেদনমল্ল, তৌজি নং ২৭১, জেএলনং নং ৪৪, মৌজা বৈকুন্ঠপুর, হাল রিভিশনাল সেটেলমেন্ট জরিপের ৬০ ও ১০৮ নং খতিয়ান ভুক্ত ৫২ দাগের নম্বর দাগের অন্তর্গত চিহ্নিত ও সীমাযুক্ত বাস্তু জমি ১০ শতক মধ্যে জমি যাহা অত্র সহ দাখিলী এবং অত্র দলিলের একাংশ প্লান নকসায় লাল রংয়ের সীমারেখার দ্বারা সুচিহ্নিত /৪ – ২২ ছটাক বাইশ স্কোয়ার ফুট বাস্তু জমি সহ উক্ত অংশ ভাগাদি সহ সংলগ্ন ও সংশ্লিষ্ট যাবতীয় স্বত্বাদি সহ উক্ত জমি সংলগ্ন ১২ ফুট চওড়া রাস্তা ব্যবহার ও ব্যবহারের সর্ববিধ ইজমেন্ট ও যাবতীয় স্বত্বাদি সহ সম্পত্তি অত্র কোবালায় বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রীত সম্পত্তির মোট মূল্য .... ৭২ ...

পশ্চিম .... সরকারী পথ ২৪ পরগণা .... পূর্ব .... দক্ষিণে ....

29/11/85

হইতেছে। বিক্রীত শালি জমি বর্তমানে চাষাবাদে ব্যবহৃত হইতেছে।

উহার চৌহদ্দি ঃ -

উত্তর - ৫২ নং দাগের অংশ।

দক্ষিণে - হাল ৫৪ নং দাগের জমি ও গোপী চক্রা দাস

পূর্বে - ১২' ফুট প্রশস্ত কমন প্যাসেজ।

পশ্চিমে - অত্র দাগের অংশ ও অত্র দাগের আমার অবশিষ্ট জমি।

পণের টাকার জায়

১০০_টাকার নোট ২০০ খেতায় = ২০০০০_টাকা

মং কুড়ি হাজার টাকা মাত্র।

ইসাদি ঃ -

মুসাবিদাকারক

এ্যাডভোকেট, আলিপুর

টাইপকারক

আলিপুর পুলিশ কোর্ট

Book ..... I .....
Volume No ..... 279 .....
Pages ..... 465 ..... to ..... 476
Being No ..... 15837 .....
for the Year 19 ..... 85

Registrar [illegible]
Alipore, 24-Parganas
29/11/85

[illegible]
10.4.87